**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 06-03-2026** **Desk in Charge : SDG**

**Time : 7.35A.M.** **Compiling : SUDIP BASU**

**DEO: Arpita (BA)** **NRT : SUDIP B.**

**Announcement :- আকাশবাণী /খবর পড়ছিঃ-**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) একাধিক কর্মসূচিতে যোগ দিতে রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু দুদিনের সফরে আজ রাজ্যে আসছেন।

২) রাজ্যপাল পদে ইস্তফা দিয়েছেন রাজ্যপাল ডঃ সি ভি আনন্দ বোস। তামিলনাড়ুর রাজ্যপাল আর এন রবি পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল হচ্ছেন।

৩) SIR প্রক্রিয়ায় বিচারাধীন থাকা প্রায় ৬০ লক্ষ মামলার নিষ্পত্তিতে ওড়িশা ও ঝাড়খণ্ড থেকে আরও ২০০ জন বিচারককে নিয়োগ করা হচ্ছে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। রবিবার রাজ্যে আসছে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ।

৪) বিজেপির পরিবর্তন যাত্রার অঙ্গ হিসেবে আজও ৬টি কর্মসূচি রয়েছে।

৫) নতুন বাণিজ্য নীতির সুযোগকে কাজে লাগিয়ে উত্তরবঙ্গের চা-কে আরও বেশি করে আন্তর্জাতিক বাজারে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হবে বলে কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ জানিয়েছেন।

৬) আইএসএল ফুটবলে যুবভারতী ক্রিড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়েন্ট আজ ওড়িশা এফসির মুখোমুখী হবে।

-----------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, দুদিনের সফরে আজ রাজ্যে আসছেন। দার্জিলিং-এর পার্বত্য উৎসব উদ্বোধনের পাশাপাশি বন্দে মাতরম-এর সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে দার্জিলিং লোকভবনে ‘রুট অ্যান্ড রিদিম্স’ শীর্ষক এক প্রদর্শনীর সূচনা করবেন রাষ্ট্রপতি।

এছাড়াও তিনি IIT খড়গপুরে মহিলাদের নেতৃত্ব ও ক্ষমতায়ন সংক্রান্ত এক উন্নয়নমূলক কর্মসূচীর প্ল্যাটিনাম জয়ন্তীর ভার্চুয়াল উদ্বোধন করবেন।

শনিবার ৭’ই মার্চ শ্রীমতী মুর্মু শিলিগুড়িতে নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দেবেন। বিধাননগর মাঝি থানার গোঁসাইপুরে ওই সম্মেলনে দেশ বিদেশের ১২’শ প্রতিনিধির যোগদানের কথা। রাষ্ট্রপতি শালগাছ রোপণ করে দেশকে বিশ্ব উষ্ণায়ন থেকে বাঁচানোর বার্তা দেবেন।

-------------

পশ্চিমবঙ্গের রাজ্যপাল সি. ভি. আনন্দ বোস পদত্যাগ করেছেন। গতসন্ধ্যায় লোক ভবন সূত্রে জানা গেছে, দিল্লিতে থাকাকালীনই রাজ্যপাল তাঁর ইস্তফাপত্র রাষ্ট্রপতি ভবনে পাঠিয়েছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, তা গ্রহন করেছেন।

উল্লেখ্য, ডক্টর সি. ভি. আনন্দ বোস ২০২২ সালের ১৭ই নভেম্বর এরাজ্যের রাজ্যপাল হিসেবে দায়িত্ব নেন। তাঁর কার্যকালের মেয়াদ শেষ হওয়ার কথা ছিল ২০২৭ এর নভেম্বরে। নির্ধারিত সময়ের প্রায় ২০ মাস আগেই তিনি পদত্যাগ করলেন।

ডেস্ক

-------------

তামিলনাড়ুর রাজ্যপাল আর এন রবি পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল হচ্ছেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল তাঁকে নিয়োগ করেছেন। প্রাক্তন আইপিএস আধিকারিক আর এন রবি ২০২১ সালের সেপ্টেম্বর থেকে তামিলনাড়ুর রাজ্যপাল হিসাবে দায়িত্বভার পালন করছিলেন। এর আগে তিনি নাগাল্যান্ড এবং মেঘালয়ের রাজ্যপাল হিসেবেও দায়িত্ব পালন করেছেন। ছিলেন উপ জাতীয় নিরাপত্তা উপদেষ্টাও।

ডেস্ক

-------------

রাজ্যপাল পদে সিভি আনন্দ বোস ইস্তফা দেবার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন যে , এই খবরে তিনি বিস্মিত এবং উদ্বিগ্ন। সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী আরও জানান, কেন্দ্রিয় স্বরাষ্ট্রমন্ত্রী তাঁকে জানিয়েছেন যে আর. এন. রবি পশ্চিমবঙ্গের নতুন রাজ্যপাল হিসেবে দায়িত্ব নিতে পারেন। দলের মুখপাত্র তথা রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য বলেন, যে ভাবে রাজ্য সরকারকে না জানিয়ে নতুন রাজ্যপাল নিয়োগ করা হচ্ছে, তাতে তারা বিস্মিত

বাইট

এদিকে বিজেপির রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার এক বিবৃতিতে বলেছেন, রাজ্যপালের পদত্যাগ নিয়ে মুখ্যমন্ত্রী সোশ্যাল মিডিয়ায় যে মন্তব্য করেছেন তা অগণতান্ত্রিক এবং মুখ্যমন্ত্রীর রাজনৈতিক রুচিবোধ নিয়েও প্রশ্ন ওঠে।

বাইট

কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী রাজ্যপালের পদত্যাগের কারণ সম্পর্কে তাঁর সন্দেহের কথা জানিয়েছেন।

ডেস্ক

-------------

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রবিবার ৮'ই মার্চ রাজ্যে আসছে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ। কমিশনের পক্ষ থেকে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে পাঠানো এক চিঠিতে, সফরসূচী এবং ওই বৈঠকের বিস্তারিত কর্মসূচী জানানো হয়েছে।

কমিশন সূত্রে জানা গেছে, মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ, ৮ মার্চ রাতে কলকাতা বিমান বন্দরে পৌঁছবেন। পরের দিন তাঁরা প্রথমে স্বীকৃত জাতীয় ও রাজ্য স্তরের দলগুলির প্রতিনিধি এবং পরে আইন বলবতকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠক করবেন। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কমিশনের সদস্যরা কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

এদিকে, ৮'ই মার্চ দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

-------------

SIR প্রক্রিয়ায় বিচারাধীন থাকা প্রায় ৬০ লক্ষ মামলার নিষ্পত্তিতে আরো দুশো জন অতিরিক্ত বিচারককে নিয়োগ করা হচ্ছে। যাচাই প্রক্রিয়ায় আরও গতি আনতে প্রতিবেশী ওড়িশা ও ঝাড়খণ্ড থেকে এই বিচারকদের আনা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর সূত্রে জানা গিয়েছে। তাঁদের দুই ২৪ পরগণা, দুই বর্ধমান, হাওড়া, হুগলি, নদীয়া এবং বীরভূম জেলায় কাজে লাগানো হবে। বর্তমানে প্রায় সাড়ে পাঁচশো বিচারক এই মামলাগুলির নিষ্পত্তির কাজ করছেন। নির্বাচন কমিশন সূত্রে জানা গিয়েছে, বিচারাধীন মামলাগুলির দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রশাসনিক স্তরে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে। প্রায় ছয় লক্ষ মামলার ইতিমধ্যেই নিষ্পত্তি হয়েছে।

এদিকে বিচারাধীন মামলাগুলির অগ্রগতি পর্যালোচনা করতে গতসন্ধ্যায় কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি সুজয় পালের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠক করেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল। সেই বৈঠকেই এই প্রক্রিয়ায় আরও গতি আনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে আলোচনা হয়েছে বলে জানা গিয়েছে।

অভিরুপ

-------------

রাজ্যে যতদিন পর্যন্ত না সমস্ত বৈধ ভোটারের নাম তালিকায় অন্তর্ভুক্ত হচ্ছে ততদিন পর্যন্ত নির্বাচন ঘোষণা  না করা র  দাবি জানিয়েছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। এই ব্যাপারে তিনি  শীর্ষ আদালতে যাওয়ার প্রস্তুতি শুরু করেছেন বলে অধীর বাবু জানান।

( বাইট- অধীর )

বামফ্রন্ট ও  বিচারাধীন ৬০ লক্ষ ভোটারের সমস্যা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রাজ্যে বিধানসভা নির্বাচন ঘোষণা না করার দাবি জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের কাছেই  এক সমাবেশে ফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু বলেন, সুনির্দিষ্ট কোনো কারণ না জানিয়েই  প্রায় ৬০ লক্ষ ভোটারকে 'বিচারাধীন' পর্যায়ে রাখা হয়েছে। এরমধ্যে বেশিরভাগ দরিদ্র, প্রান্তিক, সংখ্যালঘু ও মতুয়া সম্প্রদায়ের। বিমান বসুর নেতৃত্বে ফ্রন্টের এক প্রতিনিধি দল গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে দেখা করেন।

-------------

এসআইআর প্রক্রিয়ায় বৈধ ভোটারের নাম বাদ দেওয়া হচ্ছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ধর্মতলায় প্রতিবাদ ধর্নায় বসছেন। ডোরিনা ক্রসিং-এর কাছাকাছি থেকে এসপ্লানেড মেট্রোর ২ নম্বর গেট পর্যন্ত বাধা হয়েছে মঞ্চ। দুপুর ২টোর সময় ধর্নায় বসার কথা মুখ্যমন্ত্রীর। কয়েকদিন আগে এক সাংবাদিক সম্মেলনে দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এই ধর্নার কর্মসূচির কথা ঘোষণা করেন।

সোর্স- ডেক্স

-------------

রাজ্যজুড়ে বিজেপির পরিবর্তন যাত্রার অঙ্গ হিসেবে আজও একাধিক কর্মসূচি রয়েছে।

আলিপুরদুয়ার জেলার কুমারগ্রাম বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিধায়ক শংকর ঘোষ, সাংসদ জয়ন্ত রায় প্রমুখ।

উত্তর দিনাজপুরে হেমতাবাদ বিধানসভা কেন্দ্রে পরিবর্তন যাত্রায় উপস্থিত থাকবেন প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামাণিক, সাংসদ কার্তিক পাল, খগেন মুর্মু প্রমুখ।

মুর্শিদাবাদের বরহমপুরে যোগ দেবেন রূপা গাঙ্গুলী, জগন্নাথ সরকার প্রমুখ।

বনগাঁর স্বরূপনগরে উপস্থিত থাকবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর, রাহুল সিনহা, লকেট চট্টোপাধ্যায় প্রমুখ।

দক্ষিণ ২৪ পরগণার জয়নগরে পরিবর্তন যাত্রায় নেতৃত্ব দেবেন ত্রিপুরর প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব।

বালি বিধানসভা কেন্দ্রে আজ পরিবর্তন যাত্রায় যোগ দেবেন বিজেপি নেতা মনোজ তিওয়ারি, মিঠুন চক্রবর্তী।

পুরুলিয়ার রঘুনাথপুরে দলের পরিবর্তন যাত্রায় যোগ দেবেন রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, সুভাষ সরকার প্রমুখ। বীরভূমের বোলপুরে পরিবর্তন সভায় ভাষণ দেবেন সাংসদ সৌমিত্র খাঁ।

-------------

মতুয়াদের নাগরিকত্ব নিয়ে কথা বলার অধিকার রমুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নেই বলে মন্তইব্য করেছেন রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য্য

বাইট

-------------

নতুন বানিজ্য নীতির সুযোগ কে কাজে লাগিয়ে উত্তরবঙ্গের চা-কে আরও বেশি করে আন্তর্জাতিক বাজারে পৌঁছে দেওয়ার উদ্যোগ নেওয়া হবে বলে কেন্দ্রীয় শিল্প ও বানিজ্য প্রতিমন্ত্রী জিতিন প্রসাদ জানিয়েছেন। গতকাল তিনি জলপাইগুড়ি শহর সংলগ্ন ডেঙ্গুয়াঝার চা বাগান পরিদর্শন করেন। চা উৎপাদন ব্যবস্থা ঘুরে দেখার পাশাপাশি বাগানে কর্মরত শ্রমিক ও ক্ষুদ্র চা চাষীদের সঙ্গে কথা বলে তাদের সমস্যার কথা শোনেন। ছোট চাষীরা যাতে কাঁচা চা পাতার ন্যায্য দাম পান সেই বিষয়টিও তিনি গুরূত্ব দিয়ে দেখার আশ্বাস দিয়েছেন বলে কলকাতায় ভারতীয় চা পর্ষদ সূত্রে জানা গিয়েছে।

সুমন

-------------

রবিবার থেকে রাজ্যের বেশ কয়েকটি জেলায় বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে আগামীকাল পর্যন্ত সর্বনিম্ন তাপমাত্রা দু থেকে চার ডিগ্রি পর্যন্ত বৃদ্ধি পেতে পারে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৩ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে ২ দশমিক ৩ ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, প্রায় স্বাভাবিক।

কাশফিন

-------------

আইএসএল ফুটবলে আজ ওড়িশা এফসি'র মুখোমুখি হবে মোহনবাগান সুপার জায়ান্ট। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

মোহনবাগান টানা তিন ম্যাচে জিতে ৯ পয়েন্ট সংগ্রহ করে লিগ টেবিলের শীর্ষে রয়েছে। অন্যদিকে ওড়িশার দুই ম্যাচে পয়েন্ট দুই। এখনও তারা জয়ের মুখ দেখেনি। গতকাল, যুব ভারতী ক্রীড়াঙ্গনে আইএসএল-এর ম্যাচে ইস্টবেঙ্গল ও এফ সি গোয়ার মধ্যে খেলাটি গোলশূন্য ভাবে শেষ হয়।

রিপোর্টিং

-------------